



සමස්ත සේවා

සේවා සඳහා සම්පූර්ණ සම්පූර්ණ, සම්පූර්ණ

**Job Category:** Medical/Healthcare/Pharma

**Job Source:** සමස්ත සේවා

## Job Summary

**Posted On:** 19 Nov 2024

**Application Deadline:** 13 Dec 2024

# আদমজী রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা

আদমজী ইপিজেড মেডিকেল সেন্টার  
আদমজীনগর, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ- ১৪৩১।  
(www.bepza.gov.bd)

## নিয়োগ বিজ্ঞপ্তি

সূত্র নং- ০৩.০৬.৬৭৫৮.৩৩৫.১১.০৬৫.২৪- ৯১৩৫


তারিখঃ ১৪ নভেম্বর, ২০২৪

আদমজী ইপিজেড মেডিকেল সেন্টার ট্রাস্টি বোর্ডের অধীনে নিম্ন বর্ণিত পদসমূহে স্থায়ী লোকবল নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

ক্রমিক নং	পদের নাম ও বেতন ফেল	পদের সংখ্যা	১৩/১২/২০২৪ ইং তারিখে সর্বোচ্চ বয়স সীমা।	শিক্ষাগত যোগ্যতা
০১	মেডিকেল অফিসার বেতন ফেল ২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-০৯)	০১ (এক)	৩২ বৎসর	এম.বি.বি.এস ডিগ্রীধারী এবং বি.এম.ডি.সি হতে রেজিস্ট্রেশন প্রাপ্ত।
০২	ডেন্টাল সার্জন বেতন ফেল ২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-০৯)	০১ (এক)	৩২ বৎসর	বি.ডি.এস ডিগ্রীধারী এবং বি.এম.ডি.সি হতে রেজিস্ট্রেশন প্রাপ্ত।
০৩	ডেন্টাল টেকনোলজিস্ট বেতন ফেল ১২,৫০০-৩০,২৩০/- (গ্রেড-১১)	০১ (এক)	৩০ বৎসর	সরকারী স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠান হতে ৩ বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি (ডেন্টাল)।
০৪	ল্যাব টেকনোলজিস্ট বেতন ফেল ১২,৫০০-৩০,২৩০/- (গ্রেড-১১)	০১ (এক)	৩০ বৎসর	সরকারী স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠান হতে ৩ বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি (ল্যাব)।
০৫	রিসিপশনিষ্ট কাম ডাটা এন্ট্রি অপারেটর বেতন ফেল ১২,৫০০-৩০,২৩০/- (গ্রেড-১১)	০১ (এক)	৩০ বৎসর	স্নাতক ডিগ্রী পাস।
০৬	ওয়ার্ড বয় বেতন ফেল ৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০)	০১ (এক)	৩০ বৎসর	৮ম শ্রেণি পাস।

### শর্তাবলী :

- সরকার কর্তৃক নির্ধারিত চাকুরীর আবেদন ফরমে দরখাস্ত আগামী ১৩ ডিসেম্বর, ২০২৪ ইং তারিখের মধ্যে সদস্য সচিব, আদমজী ইপিজেড মেডিকেল সেন্টার ট্রাস্টি বোর্ড, আদমজী ইপিজেড, আদমজীনগর, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ- ১৪৩১, বরাবরে অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে। অত্র অফিসে সরাসরি কোন দরখাস্ত গ্রহণ করা হবে না। উল্লেখিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্রের নমুনা বেপজা এর ওয়েবসাইট: [www.bepza.gov.bd](http://www.bepza.gov.bd) থেকে ডাউনলোড করা যাবে।
- মেডিকেল অফিসার/ডেন্টাল সার্জন/ডেন্টাল টেকনোলজিস্ট/ল্যাব টেকনোলজিস্ট/রিসিপশনিষ্ট কাম ডাটা এন্ট্রি অপারেটর পদে বয়স নির্ধারণের ক্ষেত্রে এস.এস.সি বা সমমানের সার্টিফিকেটের ভিত্তিতে এবং ওয়ার্ড বয় পদে জাতীয় পরিচয় পত্র/ জন্ম নিবন্ধন সনদের ভিত্তিতে বয়স নির্ধারণ করা হবে। বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং বিলম্বিত প্রেরিত আবেদন পত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।
- দরখাস্তের খামের উপর আবেদনকৃত পদের নাম উল্লেখ করতে হবে।
- রিসিপশনিষ্ট কাম ডাটা এন্ট্রি অপারেটর পদে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।
- আবেদন পত্রের সাথে ক্রমিক নং ১ ও ২ পদের জন্য ৫০০ (পাঁচশত) টাকা, ক্রমিক নং ৩, ৪ ও ৫ পদের জন্য ৩০০ (তিনশত) এবং ক্রমিক নং ৬ পদের জন্য ২০০ (দুইশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার (অফেরথযোগ্য), আদমজী ইপিজেড মেডিকেল সেন্টার, আদমজী ইপিজেড, আদমজীনগর, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ- ১৪৩১ এর অনুকূলে সংযুক্ত পূর্বক নিম্নলিখিত কাগজপত্র দাখিল করতে হবে :-  
(ক) ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র।  
(খ) ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সদ্য ৩ (তিন) কপি রঙিন পাসপোর্ট সাইজের ছবি।  
(গ) ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক চারিত্রিক সনদপত্র।  
(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/ পৌরসভার পৌর মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।  
(ঙ) ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয় পত্র/ জন্ম নিবন্ধন সনদ এর ফটোকপি।  
(চ) অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে)।
- কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন দরখাস্ত গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা লিখিত/ মৌখিক পরীক্ষার কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না। দরখাস্তের সাথে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরত দেয়া হবে না। নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- কোন তদবির বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। প্রার্থীকে লিখিত/ মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন টিএ/ ডিএ প্রদান করা হবে না।

  
১৪/১১/২০২৪

(নাছরিন আক্তার)

অতিরিক্ত নির্বাহী পরিচালক (শ্রম ও শিল্প সম্পর্ক)

ও

সদস্য সচিব

আদমজী ইপিজেড মেডিকেল সেন্টার ট্রাস্টি বোর্ড  
আদমজী ইপিজেড, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ

স-১৯৭৪ (১০×৪)